

Ac(1ct)/AP



জেলা পরিষদ, সিলেট

www.zpsylhet.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

তারিখ: ৩০/০৫/২০১৭।


স্মারক নং: ৪৬.৬০.৯১০০.০০০.০০.০৩১.১৭- ৫৫৪(২৭০)

বিষয়: অনলাইনে শিক্ষাবৃত্তি প্রদান বিষয়ে কর্মশালা।

সূত্র: মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১২-০৩-২০১৭ তারিখের ০৩.৮০৩.০০২.০০.০০.০১০.২০১৭/৬৮৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্প ও স্থানীয় সরকার বিভাগের নির্দেশনায় “Innovation in Public Service” কর্মসূচির মাধ্যমে জেলা পরিষদ, সিলেট কর্তৃক সরাসরি জনগণকে প্রদত্ত সেবাসমূহ স্বল্পতম সময় ও খরচে প্রদানের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে সিলেট জেলার গরীব ও মেধাবী এসএসসি ও এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের অনলাইনে শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নের জন্য একটি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। পরীক্ষামূলক এ পাইলট প্রকল্পটির পদ্ধতিগত উন্নয়নের জন্য এর সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ (Stake holders) যথা জনপ্রতিনিধি, UDC উদ্যোক্তাগণ, সেবা গ্রহিতা ছাত্র-ছাত্রী, শিক্ষা কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ সহ বিভিন্ন স্তরের প্রতিনিধিদের সমন্বয়ে একটি কর্মশালা আগামী ০৪-০৬-২০১৭ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় জেলা পরিষদ মিলনায়তনে আয়োজন করা হয়েছে।

উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব মো: মতিউর রহমান, পরিচালক (যুগ্ম-সচিব) স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট উপস্থিত থাকতে সদয় সম্মতি প্রদান করেছেন। কর্মশালায় সভাপতিত্ব করবেন জনাব মো: লুৎফুর রহমান এডভোকেট, চেয়ারম্যান, জেলা পরিষদ, সিলেট। উক্ত কর্মশালায় উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ আব্দুল আহাদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সিলেট।
ceo@zpsylhet.gov.bd
ফোন: ০৮১১৭২৮০০৬

প্রাপক:

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, সিলেট।
৫. জেলা প্রশাসক, সিলেট।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।

৭. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট। উক্ত কর্মশালায় প্রত্যেক UDC হতে একজন করে উদ্যোক্তা উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং ০৫.৪৬.৯১০০.০২৪.০২.০০১.১৪.১০৬

তারিখ: ৩০ মে ২০১৭

অনুলিপি: পত্রের আলোকে জেলা পরিষদে অনুষ্ঠিতব্য কর্মশালায় আপনার উপজেলাধীন প্রতিটি ইউডিসি হতে একজন উদ্যোক্তার উপস্থিতি নিশ্চিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), সিলেট।


(মুহাম্মদ আশরাফুল আলম)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।